# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ৩০**

নির্বাচন কমিশন আগামী ২১ আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠেয় জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপুর্ন পরিবেশে অনুষ্ঠানের লক্ষে সংশ্লিষ্ট সকলকে নির্বাচনী আচরণ বিধিমালা মেনে চলার আহ্বান জানিয়েছেন।

নির্বাচনী আচরন বিধি অনুযায়ীঃ নির্বাচনী তফসিল ঘোষণার তারিখ হতে ভোটগ্রহণের দিন র্যন্ত -কোন প্রার্থী বা তাঁর পক্ষ হতে সংশিষ্ট নির্বাচনী এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানের জন্য প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান বা প্রদানের অংগীকার করা যাবে না।

২। সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের ক্ষেত্রে প্রথম আবেদনের ভিত্তিতে ব্যবহার সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুযায়ী সকল দল ও প্রার্থীকে সমঅধিকার প্রদান করতে হবে। তবে নির্বাচন পরিচালনার কাজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের অগ্রাধিকার পাবেন।

৩। নির্বাচনী প্রচারণাঃ নির্বাচনী প্রচারণায় কোন প্রতিপক্ষের সভা, শোভাযাত্রা এবং অন্যান্য প্রচারাভিযান পন্ড করা বা এতে বাধা প্রদান করা যাবে না;

(২) নির্বাচনী জনসভা বা মিছিলের দিন, সময় ও স্থান সম্পর্কে পূর্বেই স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ এবং প্রতিপক্ষকে অবহিত করতে হবে;

(৩) নির্বাচনী সভার বেশ পূর্বেই স্থান এবং সময় সম্পর্কে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

(৪) জনগণের চলাচলের বিঘ্ন সৃষ্টি করে কোন সড়কে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন জনসভা করা যাবে না;

(৫) কোন সভা অনুষ্ঠানে বাধাদানকারী বা অন্য কোনভাবে গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অবশ্যই পুলিশের শরণাপন্ন হতে হবে। এ ধরনের ব্যক্তিদের বিরুদ্ধে তারা নিজেরা ব্যবস্থা গ্রহণ করতে পারবেন না;

(৬) নির্বাচনী কাজে সরকারী প্রচার যন্ত্র, সরকারী কর্মকর্তা বা কর্মচারী বা সরকারী যানবাহন ব্যবহার করা যাবে না এবং রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা ব্যবহার হতে বিরত থাকতে হবে;

(৭) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোস্টার, লিফলেট ও হ্যান্ডবিলের উপর অন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোস্টার, লিফলেট ও হ্যান্ডবিল ইত্যাদি লাগানো যাবে না;

(৮) কোন সড়ক কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না। নির্বাচনী ক্যাম্প যথাসাধ্য অনাড়ম্বর হতে হবে। নির্বাচনী ক্যাম্পে ভোটারগণকে কোনরূপ খাদ্য ও পানীয় পরিবেশন করা যাবে না;

(৯) সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস, সার্কিট হাউস ও কোন সরকারী কার্যালয়কে কোন দল বা প্রার্থীর প্রচারের স্থান হিসাবে ব্যবহার করা যাবে না;

# নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল** ঃ ecs@bol-online.com; **ফোন** ঃ ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট** ঃ www.bd-ec.org **ফ্যাক্স** ঃ ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


(১০) নির্বাচনী প্রচারণায় ব্যবহৃতব্য পোস্টার দেশী কাগজে সাদা-কালো রঙের হতে হবে এবং এর আয়তন কোন অবস্থাতেই ২৩″×১৮″ -এর অধিক হতে পারবে না। নির্বাচনী প্রচারণায় ব্যবহৃতব্য পোট্রেইট-এর আয়তন কোন অবস্থাতেই ২৩″×১৮″-এর অধিক হতে পারবে না। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী প্রতীকের সাইজ দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতায় কোনক্রমেই ৫ মিটারের অধিক হতে পারবে না;

(১১) নির্বাচনী প্রচারণায় একই সাথে তিনটি মাইকের বেশী ব্যবহার করা যাবে না এবং মাইকের ব্যবহার দুপুর ২ টা হতে রাত ৮ টার মধ্যে সীমাবদ্ধ থাকবে;

(১২) নির্বাচন উপলক্ষ্যে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনরূপ ক্ষতিসাধন করা যাবে না এবং গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কারও শান্তি ভঙ্গ করা যাবে না;

(১৩) নির্বাচনী প্রচারণায় কোন প্রকার দেয়াল লিখন করা যাবে না;

(১৪) ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালানো এবং আগ্নেয়াস্ত্র বা বিস্ফোরক দ্রব্য বহন করা যাবে না। কোন সরকারী কর্মকর্তা কিংবা স্থানীয় প্রভাবশালী ব্যক্তি কোন নির্বাচনী কার্যক্রমে অবৈধ হস্তক্ষেপ করতে পারবেন না;

(১৫) নির্বাচনী প্রচারণায় ট্রাক, বাস, নৌযান, ট্রেন কিম্বা অন্য কোন যানবাহন মিছিল কিংবা মশাল মিছিল বের করা যাবে না। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা রাজনৈতিক দল বা তাহাদের পক্ষে কেহ নির্বাচনী প্রচার কার্যে হেলিকপ্টার বা অন্য কোন আকাশযান ব্যবহার করতে পারবেন না;

(১৬) কোন প্রতিদ্বন্দ্বী দল কিংবা প্রার্থী নির্বাচনী প্রচারণাকালে কোন ধরনের তিক্ত, উস্কানীমূলক এবং ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোন বক্তব্য প্রদান করতে পারবেন না;

(১৭) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচন খরচের ব্যয়সীমা অর্থাৎ পাঁচ লক্ষ টাকা কোন অবস্থাতেই অতিক্রম করতে পারবেন না;

(১৮) অর্থ, অস্ত্র, পেশীশক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচনকে প্রভাবিত করা যাবে না;

নির্বাচনী আচরণ বিধিমালার যে কোন বিধানের লঙ্ঘন নির্বাচন-পূর্ব অনিয়ম হিসেবে গণ্য হবে এবং উক্তরূপ অনিয়মের দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা রাজনৈতিক দল প্রতিকার চেয়ে ইলেকটোরাল ইনকুয়ারি কমিটি বা নির্বাচন কমিশনের বরাবরে আর্জি পেশ করতে পারবেন।

নির্বাচনী আচরণ বিধির লংঘন দণ্ডনীয় অপরাধ।


**এস এম আসাদুজ্জামান**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ০৯**

প্রধান নির্বাচন কমিশনার জনাব এম এ সাঈদ সুষ্ঠু অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রার্থী, রাজনৈতিক দল, কর্মী সমর্থকসহ সংশ্লিষ্ট সকলকে নির্বাচনী আচরণবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানিয়েছেন।

তিনি আজ জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্টদের সাথে এক সভায় সভাপতিত্ব করছিলেন।

সভায় নির্বাচন কমিশনারত্রয় জনাব সফিউর রহমান, জনাব এম এম মুনসেফ আলী ও জনাব এ কে মোহাম্মদ আলী, স্বরাষ্ট্র সচিব জনাব মুহাম্মাদ ওমর ফারুক, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব স ম জাকারিয়া, বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক জনাব শহুদুল হক, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার মেজর জেনারেল এস এম মাহমুদুজ্জামান, বাংলাদেশ রাইফেলস এর মহাপরিচালক মেজর জেনাজেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধূরী, আনসার ও ভিডিপি'র মহাপরিচালক মেজর জেনারেল মনজুরুল আলম, নিরাপত্তা সংস্থা সমূহের প্রতিনিধি ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার ও ডিআইজি, নেত্রকোনা জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপার, নির্বাচন কমিশন সচিবালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান নির্বাচন কমিশনার বলেন, নারী পুরুষ ধর্ম বর্ণ নির্বিশেষে প্রতিটি ভোটারই যাতে নির্ভয়ে নির্বিঘ্নে ও উৎসবমুখর পরিবেশে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সে পরিবেশ নিশ্চিত করতে হবে। তিনি বলেন নির্বাচনের অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য আইন শৃংখলা পরিস্থিতির সঠিক ও দৃশ্যমান উন্নতি প্রশাসনকে নিশ্চিত করবে হবে এবং জনগণকে ব্যাপকভাবে ভোটদানে উদ্বুদ্ধ করতে হবে। জনাব এম এ সাঈদ বলেন নির্বাচনকে সুষ্ঠু ও নিরপেক্ষ করার লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট কারো কোন প্রকার পক্ষপাতিত্ব, অবহেলা বা শৈথিল্য বরদাস্ত করা হবে না। কর্মকর্তাগণ যাতে কোন প্রশাসনিক বা রাজনৈতিক প্রভাবে তাদের নিরপেক্ষ দায়িত্ব পালনে অন্যথা না করেন সে বিষয়ে তিনি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, কোন কর্মকর্তা দায়িত্ব পালনে ব্যর্থ হলে বা শৈথিল্য প্রদর্শন করলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে আইন মোতাবেক তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি নির্বাচনকে স্বচছ ও অবাধ করে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার জন্য কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ নির্বাচনী এলাকায় আইন-শৃংখলাসহ সার্বিক বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা করেন এবং তাদের মতামত তুলে ধরেন এবং তারা জানান নির্বাচনকে সুষ্ঠু করার লক্ষে প্রয়োজনীয় সকল ব্যবস্থাদি গ্রহণ করা হচ্ছে। এ সময় কর্মকর্তাবৃন্দ সুষ্ঠু অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে তাদের অঙ্গীকার ব্যক্ত করেন।

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


সভায় জানানো হয় নির্বাচনী এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি সেনাবাহিনী মোতায়েন করা হচ্ছে। এছাড়া নির্বাচনী এলাকায় টহল প্রদানের জন্য সেনাবাহিনী, বিডিআর, আর্মড পুলিশ ব্যাটালিয়নের মোবাইল টিম থাকবে এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্ট্রাইকিং ফোর্স নিয়োজিত থাকবে। ভোটকেন্দ্র ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী প্রতিটি টিমের সাথে ম্যাজিস্ট্রেট নিয়োজিত থাকবে। নির্বাচনী এলাকায় ও ভোটকেন্দ্রে গোলযোগকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এদের তাৎক্ষণিকভাবে বিচারের জন্য ভ্রাম্যমান সংক্ষিপ্ত বিচার আদালত থাকবে। এছাড়া নির্বাচনী অনিয়ম ও নির্বাচনী আচরণবিধি লংঘন তদন্তের বিষয়ে বিচার বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয়ে ইলেকটরাল ইনকোয়ারী কমিটি গঠন করা হয়েছে। নির্বাচনকে অবাধ ও সুষ্ঠু করার লক্ষে মনিটরিং সেল, অবজারভেশন টিম ও আইন শৃংখলা বিষয়ে সেল গঠন করা হয়েছে। উপ-নির্বাচনের স্বচ্ছতার স্বার্থে পর্যাপ্ত সংখ্যক দেশী-বিদেশী পর্যবেক্ষকগণকেও নির্বাচন পর্যবেক্ষণে উৎসাহিত করা হচ্ছে বলে সভায় অবহিত করা হয়।

উল্লেখ্য, অষ্টম জাতীয় সংসদ সাধারণ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্য মোঃ নূরুল আমিন তালুকদারের মৃত্যুর কারণে নেত্রকোনা-৩ আসনটি শূন্য হয়। ১৬৩ নেত্রকোনা-৩ আসনে আগামী ২১ আগষ্ট ২০০৩ তারিখে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ আসনে ১,৪০,০৩১ জন পুরুষ এবং ১,৩৩,৪৪০ জন মহিলাসহ মোট ভোটার সংখ্যা ২,৭৩,৪৭১। এ নির্বাচনে মোট ১২৪ টি ভোটকেন্দ্রে ১২৪ জন প্রিজাইডিং অফিসার, ৫৯০ জন সহকারী প্রিজাইডিং অফিসার ও ১১৮০ জন পোলিং অফিসার দায়িত্ব পালন করবেন। নেত্রকোনা জলার আটপাড়া ও কেন্দুয়া উপজেলার সমন্বয়ে গঠিত এ আসনে ১৯ টি ইউনিয়ন ও ১টি পৌরসভা রয়েছে।


**এস এম আসাদুজ্জামান**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ০৬**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। গত ৪ঠা জুন ২০০৩ তারিখে এ আসন হতে নির্বাচিত সংসদ সদস্যের মৃত্যুর কারণে আসনটি শূন্য হয়। নির্বাচন কমিশন আজ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা করেছে।

সময়সূচী অনুযায়ীঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্ণিং অফিসার/সহকারী রিটার্ণিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ ২১ জুলাই ২০০৩ / ৬ শ্রাবণ ১৪১০ | (সোমবার) |
| (খ) | রিটার্ণিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ ২২ জুলাই ২০০৩ / ৭ শ্রাবণ ১৪১০ | (মঙ্গলবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ ৩০ জুলাই ২০০৩ / ১৫ শ্রাবণ ১৪১০ | (বুধবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ ২১ আগষ্ট ২০০৩ / ৬ ভাদ্র ১৪১০ | (বৃহস্পতিবার) |

নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচন পরিচালনার জন্য জেলা প্রশাসক, নেত্রকোনা-কে রিটার্ণিং অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও কেন্দুয়াকে সহকারী রিটার্ণিং অফিসার নিয়োগ করা হয়েছে। নেত্রকোনা জেলার কেন্দুয়া ও আটপাড়া উপজেলার সমন্বয়ে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনটি গঠিত।

গত ১লা অক্টোবর ২০০১ তারিখে অনুষ্ঠিত অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি, এন, পি) হতে নির্বাচিত সংসদ সদস্য জনাব মোঃ নূরুল আমীন তালুকদারের মৃত্যুর কারণে গত ৪ঠা জুন ২০০৩ তারিখে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনটি শূন্য হয়।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ০৭**

নির্বাচন কমিশন জাতীয় সংসদ ১৬৩-নেত্রকোনা-৩ নির্বাচনী এলাকার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ২৭(২) উপ-ধারা অনুসারে ভোটার তালিকা অধ্যাদেশ, ১৯৮২ এর ৮ ধারার (২), (৩) অথবা (৪) উপ-ধারায় বর্ণিত ভোটার হিসেবে তালিকাভুক্ত সরকারী বা পাবলিক অফিসে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী বা তাঁদের স্ত্রী বা স্বামী বা পুত্র বা কন্যা এবং সরকারী হেফাজতে বা জেলখানায় আটক ব্যক্তিগণ পোষ্টাল ব্যালট পেপারে ভোট দানে ইচ্ছুক হলে নির্বাচনী সময়সূচী জারীর ১৫ দিনের মধ্যে এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণ নিয়োগপ্রাপ্ত হবার সংগে সংগে তাঁদের নির্বাচনী এলাকার রিটার্নিং অফিসারের নিকট ভোট প্রদানের জন্য আবেদন করতে পারবেন। উক্ত আবেদন সম্বলিত দরখাস্তে ভোটারের নাম, ঠিকানা এবং ভোটার তালিকায় ভোটারের ক্রমিক নম্বর লিপিবদ্ধ করতে হবে।

রিটার্নিং অফিসারের নিকট থেকে ব্যালট পেপার ও সংশ্লিষ্ট ফরম সমূহ প্রাপ্তির পর নির্ধারিত ফরমগুলো পূরণ পূর্বক যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

এ সম্পর্কে বিস্তারিত জানতে ইচ্ছুক ভোটারগণ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের সংগে যোগাযোগ করতে পারেন।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com;
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org

**ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯

# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ২১**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ নির্বাচনী এলাকার শূন্য আসনে নির্বাচনের আজ ছিল মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। মোট ৭ জন মনোনয়নপত্র দাখিল করেছেন।

মনোনয়নপত্র দাখিলকারীগণ হলেনঃ (১) মোছাঃ খাদিজা আমীন, (২) জনাব এম জুবেদ আলী, (৩) জনাব মোঃ আলী ওসমান খান, (৪) হাজী মোঃ আঃ আলী (রুমালী), (৫) সৈয়দ আবু জাফের সাবেত, (৬) কৃষক মোঃ সাদেক এবং (৭) জনাব আবদুল ওহাব আকন্দ।

আগামীকাল দাখিলকৃত মনোনয়নপত্র বাছাই করা হবে। ৩০শে জুলাই ২০০৩ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ।

সংসদ সদস্য জনাব মোঃ নূরুল আমীন তালুকদার-এর মৃত্যুর কারণে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনটি শূন্য হয়।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com;
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org

**ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ২২**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনে দাখিলকৃত মনোনয়ন পত্র আজ বাছাই করা হয়। বাছাইয়ের পর সকল মনোনয়নপত্রই বৈধ বলে ঘোষণা করা হয়।

বৈধ মনোনয়নপত্র দাখিলকারীগণ হলেনঃ (১) মোছাঃ খাদিজা আমীন, (২) জনাব এম জুবেদ আলী, (৩) জনাব মোঃ আঃ আলী (রুমালী), (৪) সৈয়দ আবু জাফের সাবেত, (৫) কৃষক মোঃ সাদেক, (৬) জনাব আবদুল ওহাব আকন্দ এবং (৭) জনাব মোঃ আলী উসমান খান

আগামী ৩০শে জুলাই ২০০৩ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা

ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ২২**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনে দাখিলকৃত মনোনয়ন পত্র আজ বাছাই করা হয়। বাছাইয়ের পর সকল মনোনয়নপত্রই বৈধ বলে ঘোষণা করা হয়।

বৈধ মনোনয়নপত্র দাখিলকারীগণ হলেনঃ (১) মোছাঃ খাদিজা আমীন, (২) জনাব এম জুবেদ আলী, (৩) জনাব মোঃ আঃ আলী (রুমালী), (৪) সৈয়দ আবু জাফের সাবেত, (৫) কৃষক মোঃ সাদেক, (৬) জনাব আবদুল ওহাব আকন্দ এবং (৭) জনাব মোঃ আলী উসমান খান

আগামী ৩০শে জুলাই ২০০৩ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ।


**(এস এম আসাদুজ্জামান)**

জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)

ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)

৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ২৩**

নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, আগামী ২১শে আগষ্ট, ২০০৩ তারিখে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ শূন্য আসনে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনে নির্বাচন-পূর্ব অনিয়ম এবং নির্বাচনী আচরণবিধির লংঘন তদন্ত করার জন্য নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর সংশ্লিষ্ট ধারা অনুসারে নেত্রকোনা জেলার বিচার বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয়ে ২ সদস্য বিশিষ্ট নির্বাচনী তদন্ত কমিটি "Electoral Enquiry Committee" গঠন করেছে। এই কমিটি নির্বাচন-পূর্ব যে কোন অনিয়ম তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশনে সুপারিশ পাঠাবে।

১৬৩ নেত্রকোনা-৩ আসনের জন্য নির্বাচনী তদন্ত কমিটির সদস্যগণ হলেনঃ নেত্রকোনা জেলার সদরের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম জেলা জজ এবং সিনিয়র সহকারী/সহকারী জজ।

যে কোন রাজনৈতিক দল বা সংক্ষুব্ধ ব্যক্তি বিধি লংঘনকারীদের বিরুদ্ধে তদন্ত কমিটির নিকট অভিযোগ পেশ করতে পারবেন। নির্বাচনী তদন্ত কমিটি এসব অভিযোগের ভিত্তিতে অথবা স্বপ্রণোদিত হয়ে অনিয়ম তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবেন।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯

# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ২৮**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪এএ অনুচ্ছেদ অনুসারে প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত দিনের পরবর্তী ৭ দিনের মধ্যে ফরম ১৭এ-তে প্রার্থীর নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য সম্ভাব্য আয়ের উৎস সম্পর্কিত বিবরণী এবং প্রার্থী যদি আয়কর দাতা হন তবে তাঁর সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ণের কপি রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে। উক্ত বিবরণীর সংগে ফরম ১৭বি-তে তাঁর সম্পদ ও দায় এবং বার্ষিক আয় ও ব্যয়ের বিবরণীও দাখিল করতে হবে। একইসংগে এসব বিবরণীর অনুলিপি রেজিষ্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

এছাড়া, অন্য উৎস হতে অর্থ প্রাপ্ত হলে তা প্রাপ্তির ৩ দিনের মধ্যে সে সম্পর্কে সম্পূরক বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে এবং এর অনুলিপি রেজিষ্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

উক্ত বিধান লংঘন করা এবং উল্লেখিত উৎসের বাইরে অন্য কোন উৎস হতে নির্বাচনী ব্যয় নির্বাহ করা গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৭৩ এবং ৭৪ ধারা অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। এ অপরাধের জন্য জরিমানাসহ কমপক্ষে ২ বছর থেকে উর্ধ্বে ৭ বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড হতে পারে।

আগামী ৩০ শে জুলাই ২০০৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
- ৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল** ঃ ecs@bol-online.com;
**ওয়েব সাইট** ঃ www.bd-ec.org

**ফোন** ঃ ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ফ্যাক্স** ঃ ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ৩০**

আজ প্রধান নির্বাচন কমিশনার এম এ সাঈদের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে নির্বাচন কমিশনের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচন, পৌরসভা নির্বাচন, রাজনৈতিক দলের রেজিষ্ট্রেশনের বিষয়ে আলোচনা করা হয়।

নির্বাচন কমিশনার সফিউর রহমান, নির্বাচন কমিশনার এম এম মুনসেফ আলী, নির্বাচন কমিশনার এ কে মোহাম্মদ আলী, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব স ম জাকারিয়া এবং উর্ধ্বতন ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় নেত্রকোনা-৩ আসনের নির্বাচনের প্রস্তুতির বিষয়ে জানানো হয় নির্বাচনের লক্ষে মনোনয়নপত্র দাখিল, বাছাই কাজ সম্পন্ন হয়েছে। নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বদলী না করা সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরিপত্র জারী করা হয়েছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশন নেত্রকোনা-৩ নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের লক্ষে নির্বাচনী আচরণবিধি কঠোরভাবে মেনে চলার উপর গুরুত্বারোপ করেন।

সদ্য সমাপ্ত ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পর্কে সভায় জানানো হয় যে, ২৫ জানুয়ারী হতে ১৬ মার্চ ২০০৩ তারিখে অনুষ্ঠিত নির্বাচনসহ বিভিন্ন পর্যায়ে এ পর্যন্ত দেশের ৪৪৯৬টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৪২৬১টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

সভায় জানানো হয় দেশের ২৬০টি পৌরসভার মধ্যে আগামী বৎসরের শুরুর দিকে ১৪৪টি পৌরসভার মেয়াদ উত্তীর্ণ হবে। এসব পৌরসভার নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।

রাজনৈতিক দলের নিবন্ধনের বিষয়ে সভায় জানানো হয় এ পর্যন্ত ২৯টি রাজনৈতিক দল নির্বাচন কমিশনে নিবন্ধনের জন্য আবেদন জানিয়েছে -এর মধ্যে ৪টি রাজনৈতিক দলের নিবন্ধনের শুনানী গ্রহণ করা হয়েছে। এর মধ্যে তিনটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একটি রাজনৈতিক দলের বিষয় সিদ্ধান্তের অপেক্ষায় আছে। এছাড়া একটি রাজনৈতিক দলের শুনানী গ্রহণের পর আবেদন না মঞ্জুর করা হয় এবং ১৩টি রাজনৈতিক দলের সংশ্লিষ্ট দলিলাদি অসম্পূর্ণ থাকায় পুনরায় তাদেরকে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com;
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org

**ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, জুলাই ঃ ৩০**

আগামী ২১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠেয় জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনে আজ ছিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ৭ জন বৈধ মনোনয়নপত্র দাখিলকারীর কেহই তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করেন নাই।

নেত্রকোনা-৩ আসনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ হলেনঃ (১) মোছাঃ খাদিজা আমীন, (২) জনাব এম, জুবেদ আলী, (৩) জনাব মোঃ আঃ আলী (রুমালী), (৪) সৈয়দ আবু জাফের সাবেত, (৫) কৃষক মোঃ সাদেক, (৬) জনাব আবদুল ওয়াহাব আকন্দ এবং (৭) জনাব মোঃ আলী উসমান খান।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯

# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ১৭**

আগামী ৩১শে আগষ্ট ২০০৩ তারিখে অনুষ্ঠিত সাভার ও মীরকাদিম পৌরসভা নির্বাচনে আইন শৃংখলা ও সংশ্লিষ্ট বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব স ম জাকারিয়া এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় সাভার ও মীরকাদিম পৌরসভা নির্বাচনকে শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের লক্ষে পর্যাপ্ত শান্তিশৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়নের সিদ্ধান্ত হয়। এছাড়া নির্বাচনী এলাকায় ভ্রাম্যমান ও স্টাইকিং হিসেবে পুলিশ ও বিডিআর মোতায়েন করা হবে।

সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থার লক্ষে প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। এছাড়া নির্বাচনী অপরাধের বিচারের জন্য ভ্রাম্যমান সংক্ষিপ্ত বিচার আদালত কাজ করবে।

সভায় নির্বাচন কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট যুগ্ম-সচিবগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তা, ঢাকা বিভাগের ডিআইজি, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার, রিটার্নিং অফিসারসহ, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সচিব স ম জাকারিয়া সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নিরপেক্ষ থেকে যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানের আহ্বান জানান। এ লক্ষে তিনি কর্মকর্তাদের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। উপস্থিত সকল কর্মকর্তা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের লক্ষে তাদের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সাভার পৌরসভার ভোটার সংখ্যা ৭৭০৩৩ জন এর মধ্যে পুরুষ-৪২০১৬ জন এবং মহিলা ৩৫০১৭ জন। মোট ভোটকেন্দ্র ৩৫টি ও ভোটকক্ষ ২২৯টি। মীরকাদিম পৌরসভার ভোটার সংখ্যা ২৫১৩০ জন এর মধ্যে পুরুষ-১২৮৯৮ জন এবং মহিলা ১২২৩২ জন। মোট ভোটকেন্দ্র ১৪টি ও ভোটকক্ষ ৫৭টি।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল** ঃ ecs@bol-online.com;
**ওয়েব সাইট** ঃ www.bd-ec.org

**ফোন** ঃ ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ফ্যাক্স** ঃ ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯

# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ১৮**

জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনের প্রস্তুতি এবং সংশ্লিষ্ট বিষয়ে আজ প্রধান নির্বাচন কমিশনার এম এ সাঈদের সভাপতিত্বে নির্বাচন কমিশনের এক সভা অনুষ্ঠিত হয়।

নির্বাচন কমিশনার সফিউর রহমান, নির্বাচন কমিশনার এম এম মুনসেফ আলী, নির্বাচন কমিশনার এ কে মোহাম্মদ আলী, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব স ম জাকারিয়া এবং উর্ধ্বতন ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনের সার্বিক প্রস্তুতি সম্পর্কে অবহিত করা হয়। এ সময় জানানো হয় ব্যালট পেপারসহ যাবতীয় নির্বাচনী মালামাল রিটার্নিং অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। এছাড়া নির্বাচনী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভায় জানানো হয় বিদেশী নির্বাচন পর্যবেক্ষকসহ প্রচুর সংখ্যক নির্বাচন পর্যবেক্ষক এ নির্বাচনে পর্যবেক্ষণ করছে।

নির্বাচন কমিশনে দাখিলকৃত নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচনে নির্বাচনী আচরণবিধি লংঘনের একটি অভিযোগ সভায় উপস্থাপন করা হয়। অভিযোগটি আলোচনা করে তদন্তপূর্বক রিপোর্ট প্রেরণের জন্য ইলেকটোরাল ইনকোয়ারী কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সুষ্ঠু অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জন্য যা কিছু করণীয় সকল বিষয়ে প্রস্তুতির জন্য নির্বাচন কমিশন নির্বাচন সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। এ সময় নির্বাচনী আচরণবিধি যথাযথ অনুসরণ এবং আচরণবিধি লংঘনকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল** ঃ ecs@bol-online.com; **ফোন** ঃ ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট** ঃ www.bd-ec.org **ফ্যাক্স** ঃ ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯

# সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ১৯**

নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানকালে নির্বাচনী এলাকায় ২০ আগষ্ট, ২০০৩ দিবাগত মধ্যরাত থেকে ২১ আগষ্ট, ২০০৩ দিবাগত মধ্যরাত পর্যন্ত কার, বাস, ট্রাক, টেম্পো, মোটর সাইকেল, বেবীটেক্সী, মাইক্রোবাস, জীপ, পিক আপ, ইঞ্জিন চালিত নৌযান ও স্পীড বোট চলাচল নিষিদ্ধ করা হয়েছে।

এই নিষেধাজ্ঞা প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনী এজেন্ট, বৈধ পরিচয়পত্রধারী দেশী-বিদেশী সাংবাদিক ও পর্যবেক্ষক এবং নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী, আইন-শৃংখলারক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং জরুরী কাজে নিয়োজিত সম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক ইত্যাদি যানবাহন চলাচলের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা
ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ১৯**

আগামী ২১ আগষ্ট, ২০০৩ তারিখে জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানকালে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৭৮ অনুচ্ছেদের সংশ্লিষ্ট দফার বিধান অনুযায়ী নির্বাচনী এলাকায় আজ মঙ্গলবার (১৯/৮/২০০৩) দিবাগত মধ্যরাত হতে ২১ আগষ্ট, ২০০৩ দিবাগত মধ্যরাত পর্যন্ত সময়কালে কোন ব্যক্তি উল্লেখিত নির্বাচনী এলাকার কোন স্থানে সভা আহ্বান, সভা অনুষ্ঠান ও সভায় যোগদান এবং মিছিল বের করার উদ্যোগ গ্রহণ বা মিছিলে যোগদান করতে পারবেন না। উল্লেখিত সময়সীমার মধ্যে কেউ নির্বাচনী এলাকার কোন স্থানে সন্ত্রাস বা উচ্ছৃংখল আচরণ বা কোন ভোটার বা নির্বাচনী কার্যক্রমের সংগে জড়িত বা কর্মরত কোন ব্যক্তিকে ভীতি প্রদর্শন বা উত্যক্ত করতে পারবেন না এবং অস্ত্র প্রদর্শন বা শক্তি প্রয়োগ করতে পারবেন না। এই আদেশ লংঘনকারী ব্যক্তি গণপ্রতিনিধিত্ব আদেশের ৭৮ অনুচ্ছেদের ২ দফা অনুসারে জরিমানাসহ ২ থেকে ৭ বছর পর্যন্ত সশ্রম কারাদন্ডে দন্ডিত হবেন।

গণপ্রতিনিধিত্ব আদেশের ৭৯ অনুচ্ছেদের বিধান অনুসারে ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রের ৪০০ গজ ব্যাসার্ধের মধ্যে ভোট প্রার্থনা বা ক্যানভাস করা বা কোন প্রার্থীকে ভোট না দিতে বলা এবং নির্বাচনী ক্যাম্প স্থাপন নিষিদ্ধ। আইনের এই বিধান লংঘনকারী ব্যক্তি জরিমানাসহ ৬ মাস থেকে ৩ বছর পর্যন্ত কারাদন্ডে দন্ডিত হতে পারেন।


**(এস এম আসাদুজ্জামান)**
জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)
ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)
৮০৫৩৪৭৬(আবাসিক)

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর,ঢাকা

ব্লক নং- ৫-৬

**ই-মেইল ঃ** ecs@bol-online.com; **ফোন ঃ** ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

**ওয়েব সাইট ঃ** www.bd-ec.org **ফ্যাক্স ঃ** ৮১১৭৮৩৪,৮১১৩১৫৬,৮১১৯৮১৯


## সংবাদ বিজ্ঞপ্তি

**ঢাকা, আগষ্ট ঃ ২০**

আগামীকাল ২১শে আগষ্ট জাতীয় সংসদের ১৬৩ নেত্রকোনা-৩ আসনের উপ-নির্বাচন। নির্বাচনকে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। সকাল ৮ টা হতে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। আগামীকাল সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে।

শান্তিপূর্ণ ভোটগ্রহণ অনুষ্ঠানের লক্ষে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাযথভাবে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হয়েছে। ভোট গ্রহণ কর্মকর্তাগণ যাতে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারেন সে লক্ষে তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং ভোটারগণ যাতে নির্বিঘ্নে, স্বতঃস্ফুর্তভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে সেনাবাহিনীসহ পর্যাপ্ত আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে। প্রতিটি ভোটকেন্দ্রকে ঝুঁকিপূর্ণ-কম ঝুঁকিপূর্ণ ভাবে ভাগ করে সে অনুযায়ী ভোটকেন্দ্রে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে। বিডিআর ও এপিবিএন এর ৩১টি মোবাইল/স্ট্রাইকিং টীম নির্বাচনী এলাকায় টহল দেবে এবং গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান করবে। প্রতিটি ভোট কেন্দ্র ও মোবাইল/স্ট্রাইকিং টীমের সংগে ম্যাজিস্ট্রেট থাকবে। এছাড়া দুই কোম্পানী সেনাবাহিনী থাকবে। এদের সাথে ম্যাজিস্ট্রেট থাকবে।

নির্বাচনের দিন জালভোট প্রদানসহ নির্বাচনী অপরাধের তাৎক্ষণিক বিচারের জন্য নির্বাচনী এলাকায় ভ্রাম্যমান সংক্ষিপ্ত বিচার আদালত নিয়োজিত থাকবে।

নির্বাচনী এলাকায় বিভিন্ন প্রকার যানবাহন চলাচলের উপর জেলা প্রশাসন হতে বিধি নিষেধ আরোপ করা হয়েছে এবং নির্বাচনী এলাকায় ২১ আগষ্ট সকাল ৬ টা হতে ২২ আগষ্ট সকাল ৬টা পর্যন্ত মোবাইল ফোন নেটওয়ার্ক বন্ধ থাকবে। এছাড়া ব্যাপক সংখ্যক দেশী-বিদেশী পর্যবেক্ষক নির্বাচন পর্যবেক্ষণ করবে।

নেত্রকোনা-৩ নির্বাচনী এলাকার মোট ভোটার ২৭৩৪৭১। এর মধ্যে পুরুষ ১৪০০৩১ এবং মহিলা ১৩৩৪৪০, মোট ভোটকেন্দ্র ১২৪ এবং ভোটকক্ষ ৫৯০। নির্বাচন অনুষ্ঠানে মোট ১২৪ জন প্রিজাইডিং অফিসার, ৫৯০ জন সহকারী প্রিজাইডিং অফিসার এবং ১১৮০ জন পোলিং অফিসার দায়িত্ব পালন করবেন। এ আসনের নির্বাচনে মোট ৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

উল্লেখ্য, ৮ম জাতীয় সংসদ সাধারণ নির্বাচনে ১৬৩ নেত্রকোনা-৩ আসন হতে নির্বাচিত সংসদ সদস্য বিজয়ী মোঃ নুরুল আমিন তালুকদার-এর মৃত্যুর কারণে আসনটি শূন্য হয়।


**(এস এম আসাদুজ্জামান)**

জনসংযোগ কর্মকর্তা (চঃদাঃ)

ফোন ঃ ৯১৩২০২২ (অফিস)

৮০৫৩৪৭৬(আবাসিক)